

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,  
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।  
ওয়েব সাইট : www.eedmoe.gov.bd  
ই-মেইল : info@eedmoe.gov.bd

পত্র নং- ৩৭.০৭.০০০০.০০৮.৪০.৪৭৭.১৮. (পার্ট-৪)/৩৭৮

তারিখঃ ২২/০৭/২০১৮ খ্রিঃ

ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়ন কাজের অবকাঠামো নির্মাণ/ সম্প্রসারণ/ মেরামত/ আসবাবপত্র সরবরাহ ইত্যাদি কার্য ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট (দ্বিতীয় সংশোধন) আইন, ২০০৯ মোতাবেক দরপত্র প্রতিযোগিতায় দরপত্রদাতাদের অংশ গ্রহণের নিমিত্ত অনধিক ৩(তিন) কোটি টাকা মূল্যের অভ্যন্তরীণ কার্য ক্রয় এবং পণ্য (আসবাবপত্র) ক্রয়ের ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঠিকাদার কর্তৃক অতীতে সম্পাদিত কার্য ক্রয়ের অভিজ্ঞতাসহ অন্যান্য অভিজ্ঞতার আলোকে এ অধিদপ্তরের আওতায় মোট ০২(দুই) টি ক্যাটাগরিতে এ-১ (ওয়ান) ও এ-২(টু) ২০১৯-২০২০ বৎসরের জন্য ঠিকাদার তালিকাভুক্তির জন্য আবেদন ফরম আগামী ০১ আগস্ট/২০১৯ তারিখ হতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলীর দপ্তর থেকে সংগ্রহ করা যাবে। তালিকাভুক্তির আবেদন ফরম ক্রয়ের সময় ঠিকাদারের মূল প্যাডে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে আয়কর, ভ্যাট ও ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।


১।	মন্ত্রণালয়/বিভাগ	:	শিক্ষা মন্ত্রণালয়।
২।	সংস্থা	:	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
৩।	আবেদন ফরমের মূল্য	:	৫০০.০০ (পাঁচশত) টাকা নগদ ( অফেরতযোগ্য )। মূল রশিদ আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
৪।	আবেদনপত্র দাখিল	:	আবেদনপত্র শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয়ের উপ পরিচালক (প্রশাসন) কক্ষে দাখিল করতে হবে।
৫।	আবেদন পত্র প্রাপ্তির স্থান	:	হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, হিসাব শাখা, শিক্ষা ভবন, ঢাকা।
৬।	আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ	:	৩১/০১/২০২০ খ্রিঃ

আবেদনকারীকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক কাগজপত্রের সত্যায়িত ছায়ািলিপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

শর্তাবলীঃ

- হাল নাগাদ নবায়নকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।
- হাল নাগাদ নবায়নকৃত ই-টিন ( আয়কর সনদ) এর সত্যায়িত ছায়ািলিপি।
- ভ্যাট রেজিস্ট্রেশনের সত্যায়িত ছায়ািলিপি।
- জাতীয় পরিচয়পত্রের ছায়ািলিপি।
- এ-১ শ্রেণির ক্ষেত্রে গত ১০ বছরে সম্পাদিত কাজের মূল্যসহ কার্য সমাপ্তির সনদ ( বছরের ক্রমানুসারে দিতে হবে)।
- ব্যাংক সচ্ছলতার সনদ এর ছায়ািলিপি ( বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলী ব্যাংক হতে)।
- ২০১৮-১৯ অর্থ বৎসরের প্রদত্ত ব্যাংক লেনদেনের বিবরণী।
- প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি- ০২ কপি।
- তালিকাভুক্তি বহির ছায়ািলিপি ( পূর্বের যদি থাকে)।
- আবেদনকারীর স্থায়ী ঠিকানা ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক প্রত্যয়নপত্রসহ ক্রয়কারীর সহিত চুক্তি সম্পাদনের বিষয়ে কোন আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা তার কোন কর্মচারির উপর বিধিনিষেধ আরোপ করা হয়নি মর্মে আইনগত সক্ষমতা সমর্থনে হলফ নামা ( ৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিক কর্তৃক)।
- বৈদ্যুতিক কাজের ক্ষেত্রে এবিসি লাইসেন্স এর সত্যায়িত ছায়ািলিপি। যদি কারো এবিসি লাইসেন্স না থাকে তবে এবিসি লাইসেন্স রয়েছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে এ মর্মে চুক্তিপত্র (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) গ্রহণ করতে হবে যে সংশ্লিষ্ট কাজে বিবরণ বা স্পেসিফিকেশনের কোনরূপ মানের ত্রুটির জন্য একক বা যৌথভাবে দায়ী থাকবেন।
- ফরমের নমুনা অনুযায়ী (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) ঘোষণা পত্র।
- প্রতিষ্ঠানে নিযুক্ত কারিগরি এবং প্রশাসনিক জনবলের ছবিসহ জীবন ছবিসহ বৃত্তান্ত।
- যন্ত্রপাতির তালিকার ছায়ািলিপি।

কর্তৃপক্ষ যে কোন আবেদনকারীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
( আসাদুজ্জামান )  
উপ পরিচালক (প্রশাসন)  
পক্ষে/-প্রধান প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।  
ফোন-৯৫৬২৮৫৬